**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্যে রোগী ও চিকিৎসকের অনুপাতের ঘাটতি যথাসম্ভব কমানোর চেষ্টা করা হচ্ছে।**
**(২) রাজ্যে দুর্গোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য আরক্ষা দপ্তরের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে |**
**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে জাতীয় ভূ-বিজ্ঞান পুরস্কার প্রদান করেন।**
**(৪) কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির প্রকল্পের ২১তম কিস্তির অর্থ প্রদান করেছেন।**

**************************************

**CM-Offer :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্যে রোগী ও চিকিৎসকের অনুপাতের ঘাটতি যথাসম্ভব কমানোর চেষ্টা করা হচ্ছে। আগামী দিনে আরও চিকিৎসক নিয়োগ করা হবে। আজ প্রজ্ঞাভবনে আয়োজিত এক অনুষ্ঠানে, চাকরিপ্রাপ্ত চিকিৎসক ও বিদ্যালয়ের গ্রন্থাগারিকদের মধ্যে নিয়োগ পত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী আরও বলেন বর্তমান রাজ্য সরকার স্বচ্ছতার মাধ্যমে এখন পর্যন্ত ডাই ইন হারনেস সহ বিশ হাজার ছত্রিশ জনকে সরকারি চাকরি প্রদান করেছে। আজ ২১৪ জন নতুন চিকিৎসক এবং ১৩ জন গ্রন্থাগারিকের হাতে নিয়োগপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী বলেন, সমাজে সাধারণ মানুষকে সঠিক পরিষেবা দেবার উপর চিকিৎসকদের সম্মান নির্ভর করছে। তরুণ প্রজন্মের চিকিৎসকগণ যথাযথ দায়িত্বই নিয়ে কাজ করবেন বলে তিনি আশা ব্যক্ত করেন।

#######Byte-CM#######

******************************

**DGP-Press Meet :**

রাজ্যে দুর্গোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য আরক্ষা দপ্তরের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আজ আগরতলায় পুলিশ সদর দপ্তরে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ। তিনি জানান, এবছর রাজ্যে সার্বজনীন দূর্গা পূজার সংখ্যা ২ হাজার ৯৬৫টি। গত বছর এই সংখ্যা ছিল ২ হাজার ৭৫০টি। পুজোর সময় নিরাপত্তার জন্য অতিরিক্ত ৭ হাজার ৭৫০ জন নিরাপত্তা কর্মী মোতায়েন করা হবে। এরমধ্যে ৬ হাজার ৫৫০ জন টি.এস.আর জওয়ান। পুজার সময় ৪০০ জন মহিলা পুলিশ বিভিন্ন অঞ্চলে টহল দেবেন। তাছাড়া সাদা পোশাকে পুলিশও বিভিন্ন জায়গায় টহল দেবেন। মহানির্দেশক শ্রী অনুরাগ বলেন, এ বছর দুর্গা পুজোয় সপ্তমী থেকে বিজয়া দশমী পর্যন্ত চারদিন বিকাল ৫টা থেকে রাত ১টা পর্যন্ত আগরতলা শহরে নো এন্ট্রি থাকবে। আগরতলা রেলষ্টেশনে কড়া নজরদারি থাকবে। তাছাড়া ভারত-বাংলাদেশ সীমান্তে বি.এস.এফ ও পুলিশের সঙ্গে পুলিশ যৌথ টহলদারির ব্যবস্থা করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন আইজি কৃষ্ণেন্দু চক্রবর্তী, পশ্চিম জেলার পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ।

***************************

**SDM Sonamura For Puja :**

সোনামুড়া মহকুমায় এবছর ১৫৫টি সার্বজনীন দূর্গা পুজোর অনুমতি প্রদান করা হয়েছে। মহকুমা শাসক রাজু দেব আজ এখবর জনিয়েছেন।

*************************

**SEVA Pakhwada-Unakoti :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের ডলুগাঁও বাজারে "স্বচ্ছতা উৎসব" এ অংশ নেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদীর জন্মদিন থেকে আগামী দোসরা অক্টোবর মহাত্মা গান্ধীর জন্মদিন পর্যন্ত দেশজুড়ে সেবাপক্ষ পালিত হচ্ছে। আগামী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে স্বচ্ছ ও সুন্দর পরিবেশ গঠন করতে হবে। এই কাজে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। স্বচ্ছতা-হি-সেবা এই ভাবনা'কে সামনে রেখে এই কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বচ্ছতার জন্য পদযাত্রা, বাজার ও সন্নিহিত এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়।

****************************

**Vidyasagar :**

তথ্য সংস্কৃতি দপ্তর ও আগরতলা পুরনিগমের ৪০ নম্বর ওয়ার্ডের যৌথ উদ্যোগে আজ পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক পন্ডিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে আগরতলার ড্রপগেইটস্থিত বিদ্যাসাগর স্মৃতি প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মীনা রানী সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, পুর নিগমের কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী প্রমুখ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবন সাংস্কৃতিক কেন্দ্রে মর্যাদাপূর্ণ জাতীয় ভূ-বিজ্ঞান পুরস্কার প্রদান করেন। পুরষ্কারপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি বলেন, ভূ-বিজ্ঞানের ক্ষেত্রে তাদের প্রতিশ্রুতি, উদ্ভাবন এবং শ্রেষ্ঠত্বকে সম্মান জানাতে এই পুরষ্কার দেওয়া হয়। তিনি আরও উল্লেখ করেন যে খনিজ পদার্থ মানব সভ্যতার বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং শিল্পের ভিত্তি স্থাপন করেছে। রাষ্ট্রপতি আরও বলেন যে কয়লা এবং লোহা ছাড়া শিল্পায়ন কল্পনা করা যায় না। তিনি বলেন, ভূ-বিজ্ঞানীদের ভূমিকা কেবল খনির মধ্যেই সীমাবদ্ধ নয়, এবং ভূ-পরিবেশগত স্থায়িত্বের উপর খনির প্রভাবও তাদের বিবেচনা করা উচিত। তিনি খনিজ পণ্যের মূল্য সংযোজন এবং অপচয় কমানোর জন্য প্রযুক্তি উন্নয়ন এবং সুস্থায়ী খনিজ উন্নয়নের উপর জোর দেন।

######Byte-President######

****************************

**PM, Bihar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুনদিল্লি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিহারের মুখ্যমন্ত্রী মহিলা রোজগার যোজনা চালু করেছেন। শ্রী মোদী বিহার জুড়ে ৭৫ লক্ষ মহিলার ব্যাঙ্ক অ্যাকাউন্টে ১০ হাজার টাকা করে স্থানান্তর করেছেন। এই প্রকল্পের লক্ষ্য হল স্ব-কর্মসংস্থান এবং জীবিকার সুযোগের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়নকে উৎসাহিত করা। এটি রাজ্যের প্রতিটি পরিবার থেকে একজন মহিলাকে আর্থিক সহায়তা প্রদান করবে।

প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রী মহিলা রোজগার যোজনার সুবিধাভোগীদের সাথে ভার্চুয়ালভাবে মতবিনিময়ও করেন। প্রধানমন্ত্রী বলেন, যখন একজন মহিলা কর্মসংস্থান করেন বা নিজের ব্যবসা শুরু করেন, তখন তা তার স্বপ্নকে নতুন ডানা দেয়। শ্রী মোদী উল্লেখ করেন যে কেন্দ্রীয় সরকারের মুদ্রা যোজনা, ড্রোন দিদি অভিযান, বীমা সখী অভিযান এবং ব্যাংক দিদি অভিযান সারা দেশে মহিলাদের জন্য কর্মসংস্থান এবং স্ব-কর্মসংস্থানের সুযোগ তৈরি করছে।

*****************************

**PM Kisan-21st installment :**

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির প্রকল্পের ২১তম কিস্তির অর্থ প্রদান করেছেন। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শ্রী চৌহান জানান যে, ২৭ লক্ষেরও বেশি কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে মোট ৫৪০ কোটি টাকারও বেশি অর্থ স্থানান্তর করা হয়েছে, যার মধ্যে প্রায় ২লক্ষ ৭০ হাজার মহিলা কৃষকও রয়েছেন।

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক জানিয়েছে যে এই কিস্তিতে হিমাচল প্রদেশ, পাঞ্জাব এবং উত্তরাখণ্ডের কৃষকদের জন্য অগ্রাধিকার দেওয়া হয়েছে, যারা সম্প্রতি বন্যা এবং ভূমিধসে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৬তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই

আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

***************************

**GST-Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জি.এস.টি সরলীকরণ নিয়ে আজ মোহনপুর বাজার ব্যবসায়ী ও ক্রেতাদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি বলেন, জি.এস.টি সরলীকরণের ফলে প্যাকেটজাত মধু, চা, চাল, টায়ার, টিউব, স্কুল ব্যাগ, নারিকেল তেল, এসি মেশিন, বাইক, রড, সিমেন্ট কৃষি যন্ত্রপাতি ট্রাক্টর, পাওয়ার টিলার সহ বহু নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম কমবে।

*****************************

**E-Governance :**

ই প্রশাসনিক ব্যবস্থাপনায় সাফল্যের স্বীকৃতি হিসেবে জাতীয় পুরস্কারে ভূষিত হয়েছে পশ্চিম ত্রিপুরা জেলার জিরাণীয়া মহকুমার পশ্চিম মজলিশপুর পঞ্চায়েত। এবিষয়ে আমাদের সংবাদ বিভাগে এক তথ্যভিত্তিক অনুষ্ঠান 'ই-প্রশাসনে দেশের সামনে দৃষ্টান্ত-পশ্চিম মজলিশপুর পঞ্চায়েত শুনতে পাবেন আজ রাত ৯টায়।

****************************

**Minister Sudhangshu Das :**

ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন বিলাসপুর পঞ্চায়েতের পেঁচারডহরে আজ এক বস্ত্র বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, বিলাসপুর পঞ্চায়েতের প্রধান সুরজিৎ দাস। অনুষ্ঠানে আসন্ন শারদীয়া দুর্গোৎসবকে সামনে রেখে আর্থিকভাবে অসচ্ছল নাগরিকদের মধ্যে শাড়ি, পাছড়া ও ধুতি বিতরণ করা হয়।

***************************

**GB Meeting-South :**

দক্ষিন ত্রিপুরা জিলা পরিষদের ১৬তম সাধারণ সভা আজ বিলোনিয়া সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্তের পৌরাহিত্যে সভায় উপস্থিত ছিলেন বিধায়ক দীপঙ্কর সেন ও অশোক কুমার মিত্র, জিলা পরিষদের অন্যান্য সদস্য ও পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগন। সভায় পঞ্চায়েত উন্নয়ন তহবিল ও পঞ্চদশ অর্থ কমিশনের অনুদানের টাকায় চলমান বিভিন্ন কাজকর্মের অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করা হয়। সভায় বিধায়ক দীপংকর সেন রেগা প্রকল্পে কাজের দিন বৃদ্ধি, পাইখোলা দ্বাদশ স্কুল ও ঈশানচন্দ্রনগর বিবেকানন্দ বিদ্যালয়ের ক্লাস রুম নির্মাণ, পশ্চিম পাইখোলাতে গ্রাম সেবকের অফিস স্থাপন ও বিলোনীয়ায় একটি হিমঘর স্থাপন, লাউগাং এলাকায় একটি কমিউনিটি হল নির্মাণ সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্মের উদ্যোগ নিতে অনুরোধ জানান।

****************************

**PM Vikshit Bharat Yojna :**

পিএম-বিকশিত ভারত যোজনার উপর আজ উদয়পুরে একদিনের সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। ইপিএফ আঞ্চলিক অফিস ও বাগমা এগ্রি প্রডিউসার কোম্পানি লিমিটেড (বিএপিসিএল) এর যৌথ উদ্যোগে আয়োজিত এই শিবিরে পি এম বিকশিত ভারত যোজনা সহ কর্মচারী ভবিষ্যনিধি তহবিল (ইপিএফ) এর তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন ইপিএফ-এর আঞ্চলিক পিএফ কমিশনার লিও জোসেফ মারান্ডি, এনফোর্সমেন্ট অফিসার রাজর্ষি ভট্টাচার্য প্রমুখ।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

**************************